

সভাপতি : জনাব দে: তাহমিনা হক,
মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, দেলদুয়ার, টাঙ্গাইল।

সভার তারিখ ও সময় : ২৫ নভেম্বর ২০২১, বেলা ১১:৩০ টা।

স্থান : সভাপতির অফিস কক্ষ।

সভায় উপস্থিত সদস্যবৃন্দ : (স্বাক্ষরের ক্রমানুসারে)।

ক্রঃ নং	নাম	পদবী ও ঠিকানা
০১	দে: তাহমিনা হক	মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, দেলদুয়ার, টাঙ্গাইল।
০২	মো: বেলায়েত হোসেন	চেয়ারম্যান, এলাসিন ইউনিয়ন পরিষদ, দেলদুয়ার, টাঙ্গাইল।
০৩	হানিফুজ্জামান লিটন	চেয়ারম্যান, পাথরাইল ইউনিয়ন পরিষদ, দেলদুয়ার, টাঙ্গাইল।
০৪	ইঞ্জিঃ মো: সিরাজুল ইসলাম মল্লিক	চেয়ারম্যান, আটিয়া ইউনিয়ন পরিষদ, দেলদুয়ার, টাঙ্গাইল।
০৫	মো: শামীম হোসেন	উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা, দেলদুয়ার, টাঙ্গাইল।

সভাপতি মহোদয় উপস্থিত সকল সদস্যদের শুভেচ্ছা জানিয়ে সভার কাজ শুরু করেন। অতঃপর উক্ত সভা পরিচালনার জন্য সভাপতি মহোদয় উপজেলা পল্লী উন্নয়ন অফিসার, দেলদুয়ার, টাঙ্গাইলকে অনুরোধ করেন। অতঃপর উপজেলা পল্লী উন্নয়ন অফিসার আলোচ্যসূচি অনুযায়ী বিভিন্ন বিষয় সভায় উপস্থাপন করেন।

ক্রঃ নং	আলোচ্য বিষয়	আলোচনা	সিদ্ধান্ত	বাস্তবায়নে
১	পূর্ববর্তী সভার কার্যবিবরণী পাঠ অনুমোদন ও দৃঢ়ীকরণ।	সভায় পূর্ববর্তী সভার কার্যবিবরণী পাঠ করে শুনানো হয় এবং আলোচনা করা হয়।	আলোচনান্তে পূর্ববর্তী সভার কার্যবিবরণীতে কোন সংশোধনী না থাকায় সর্বসম্মতিক্রমে অনুমোদন ও দৃঢ়ীকরণ করা হয়।	উপজেলা পল্লী উন্নয়ন অফিসার
বিভাগীয় কার্যক্রম পর্যালোচনা ও সিদ্ধান্ত গ্রহণ :				
২	উপজেলা পল্লী উন্নয়ন বিভাগ	উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা সভায় জানান যে, বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড এর মূল কর্মসূচী, পদাধিক, সদাধিক, পল্লী প্রগতি প্রকল্প ও অর্থসহল মুক্তিযোদ্ধা প্রকল্পের সমবায় কার্যক্রম ও ঋণ কার্যক্রম স্বাভাবিকভাবে এগিয়ে চলছে। পিআরডিপি-৩ প্রকল্পের ভিভিসি, ইউসিসিএম, প্রশিক্ষণ ও স্কীম লক্ষ্যমাত্রা তহবিল বরাদ্দ অনুযায়ী কার্যক্রম অব্যাহত আছে।	দাণ্ডরিক কার্যক্রম অব্যাহত রাখাসহ পরবর্তী উপজেলা পরিষদের মাসিক সাধারণ সভায় উপস্থাপিত প্রস্তাব আলোচনা করার জন্য অনুরোধ জানানো হয়।	উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা।
৩	চেয়ারম্যান এলাসিন ইউনিয়ন পরিষদ	চেয়ারম্যান, এলাসিন ইউপি সভায় জানান যে, তাঁর ইউনিয়নে সাম্প্রতিক বন্যায় ও অতি কৃষ্টির কারণে মুত্তুরিয়া মসজিদ হতে আজপূর এর বাড়ী পর্যন্ত রাস্তা পুনঃনির্মাণ করার জন্য সভায় উপস্থাপন করেন।	পরবর্তী উপজেলা পরিষদের মাসিক সাধারণ সভায় উপস্থাপিত প্রস্তাব আলোচনা করার জন্য অনুরোধ জানানো হয়।	চেয়ারম্যান এলাসিন ইউপি।
৪	চেয়ারম্যান পাথরাইল ইউনিয়ন পরিষদ	চেয়ারম্যান, পাথরাইল ইউপি সভায় জানান যে, তাঁর ইউনিয়নের কার্যক্রম স্বাভাবিকভাবে চলেছে। প্রকল্পসমূহ যথাযথভাবে বাস্তবায়নের পদক্ষেপ গ্রহণ করা হচ্ছে।	তাঁর ইউনিয়নের কার্যক্রম এবং প্রকল্পসমূহ যথাযথভাবে বাস্তবায়নের কার্যকরী পদক্ষেপ গ্রহণের জন্য অনুরোধ জানানো হয়।	চেয়ারম্যান পাথরাইল ইউপি।
৫	চেয়ারম্যান আটিয়া ইউনিয়ন পরিষদ	চেয়ারম্যান, আটিয়া ইউপি সভায় জানান যে, তাঁর ইউনিয়নে বিভিন্ন সরকারী রাস্তাগুলো রাস্তার পার্শ্বের জমির মালিকগণ বেদখল করে রেখেছে। উক্ত বেদখল রাস্তাগুলো	বিস্তারিত আলোচনান্তে বেদখল রাস্তাগুলো দখলমুক্ত করার জন্য সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হয়	চেয়ারম্যান আটিয়া

ক্রঃ নং	আলোচ্য বিষয়	আলোচনা	সিদ্ধান্ত	বাস্তবায়নে
		দখলমুক্ত করার জন্য জন্য সভায় উপস্থাপন করেন।	এবং এ বিষয়ে পরবর্তী উপজেলা পরিষদের মাসিক সাধারণ সভায় উপস্থাপিত প্রস্তাব আলোচনা করার জন্য অনুরোধ জানানো হয়।	ইউপি
৬	সভাপতি ও মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, দেলদুয়ার।	সভাপতি ও মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ দেলদুয়ার তাঁর সমাপনী বক্তব্যে বলেন আমরা সকলেই স্ব-স্ব দায়িত্ব যথাযথভাবে পালন করবো। সংশ্লিষ্ট সকলের আন্তরিকতা, দক্ষতা ও নিবিড় তদারকির মাধ্যমে উন্নয়ন কাজের গুণগতমান নিশ্চিত করার আহ্বান জানান। এ বিষয়ে পরবর্তী উপজেলা পরিষদের মাসিক সাধারণ সভায় উপস্থাপিত প্রস্তাব আলোচনা করার জন্য সংশ্লিষ্ট বিভাগকে অনুরোধ জানানো হয়।	সভায় বিস্তারিত আলোচনাতে এ বিষয়ে পরবর্তী উপজেলা পরিষদের মাসিক সাধারণ সভায় উপস্থাপিত প্রস্তাব আলোচনা করার জন্য সংশ্লিষ্ট বিভাগকে অনুরোধ জানানো হয়।	সংশ্লিষ্ট বিভাগ

সভায় আর কোন আলোচনা না থাকায় সভার কাজ সমাপ্তি ঘোষণা করেন।



(দে: তাহমিনা হক)

মহিলা ভাইস চেয়ারম্যান

ও

সভাপতি


উপজেলা পল্লী উন্নয়ন ও সমবায় বিষয়ক স্থায়ী কমিটি
দেলদুয়ার, টাঙ্গাইল।

স্মারক নং- ০৫.৩০.৯৩২৩.০০০.০৬.০০৩-১৭-

তারিখ : ২৫/১১/২০২২ খ্রি:

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো :

- ১। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, দেলদুয়ার, টাঙ্গাইল।
- ২। উপজেলা নির্বাহী অফিসার, দেলদুয়ার, টাঙ্গাইল।
- ৩। উপজেলা প্রকৌশলী, দেলদুয়ার, টাঙ্গাইল।
- ৪।..... অফিসার, দেলদুয়ার, টাঙ্গাইল।


উপজেলা পল্লী উন্নয়ন অফিসার
দেলদুয়ার, টাঙ্গাইল।